বরিশাল জেলা বাস মালিক গ্রুপ

লাইসেন্স নং-১০/২০১১, রেজিস্ট্রেশন নং- টি ও ৭৬৪/১১

কেন্দ্রীয় বাস টার্মিনাল, নথুল্লাবাদ, বরিশাল ।

স্মারক নং ঃ ৯৫৮ **তারিখ ঃ**.....২২/০১/২০২৬.....

জরুরি নির্দেশনা

সকল বাস মালিক, পরিচালনা কমিটি, চালক, সুপারভাইজার, কন্ডাক্টর ও পরিবহন সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধিত) আইন, ২০২৬'** অনুযায়ী পাবলিক পরিবহন এবং বাস টার্মিনালসমূহে ধূমপান ও তামাকজাত দ্রব্য সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।

আইনের ধারা ৪ অনুযায়ী গণপরিবহন বা বাস টার্মিনালে কোনো প্রকার নির্দিষ্ট ধূমপান এলাকা (Designated Smoking Area) রাখার বিধান বাতিল করা হয়েছে। তামাকের ধোঁয়া যাত্রী, শিশু, বয়স্ক ব্যক্তি এবং পরিবহন কর্মীদের মারাত্মক স্বাস্থ্যঝুঁকির মধ্যে ফেলে। তাই ধূমপানমুক্ত ও নিরাপদ পরিবহন সেবা নিশ্চিত করতে বরিশাল বাস মালিক গ্রুপের সকল সদস্য ও স্টাফদের নিম্নোক্ত বিষয়গুলো কঠোরভাবে মেনে চলার নির্দেশনা প্রদান করা হচ্ছে:

১. চলন্ত বা থামানো কোনো বাসেই চালক, কন্ডাক্টর, হেলপার বা কোনো যাত্রী ধূমপান করতে পারবেন না।
২. প্রতিটি বাসের ভেতরে এবং টিকেট কাউন্টারে দৃশ্যমান স্থানে **"ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধ (No Smoking)"** লেখা সংবলিত বাধ্যতামূলক সাইনেজ স্থাপন করতে হবে।
৩. কোনো যাত্রী বাসে ধূমপানের চেষ্টা করলে বাসের কন্ডাক্টর ও সুপারভাইজার তাকে বিনীতভাবে বিরত থাকতে অনুরোধ করবেন।
৪. প্রয়োজনে জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক টার্মিনাল ও মহাসড়কে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। আইন লঙ্ঘনকারীর বিরুদ্ধে নির্ধারিত আইনি ব্যবস্থা ও জরিমানা কার্যকর করা হবে।

একটি সুস্থ, নিরাপদ ও ধূমপানমুক্ত গণপরিবহন ব্যবস্থা নিশ্চিত করতে বরিশাল বাস মালিক গ্রুপ আওতাভুক্ত সকল বাস মালিক ও পরিবহন শ্রমিকদের পূর্ণ সহযোগিতা কামনা করা হচ্ছে।

নির্দেশক্রমে,

মনোয়ার হোসেন ২২.০১.২৬
সাধারণ সম্পাদক, বরিশাল বাস মালিক গ্রুপ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বরিশাল বিভাগ, বরিশাল।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, বরিশাল পরিবহন শ্রমিক ইউনিয়ন।
৩। সকল বাস টার্মিনাল কাউন্টার ইনচার্জ (নথুল্লাবাদ)।
৪। সমন্বয়কারী, বাংলাদেশ তামাক বিরোধী জোট।
৫। নির্বাহী পরিচালক, ডেভলপমেন্ট একটিভিটিস অফ সোসাইটি (ডাস)।
৬। অফিস কপি/নোটিশ বোর্ড।